

ঢাকা, ১৪ জুন ২০২৩

বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার

দৈনিক/টেলিভিশন

বিষয় : আগামীকাল ১৫ জুন ২০২৩, বিকেল ৪:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা পর্যন্ত আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস-২০২৩ উপলক্ষে আয়োজিত 'গৃহকর্মী সম্মিলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান'-এ আপনার প্রতিষ্ঠানের পক্ষ থেকে একজন রিপোর্টার ও একজন ফটো সাংবাদিককে আমন্ত্রণ ও প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

কর্মজীবী নারী ও ডেমক্রেসিওয়াচ এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানবেন!

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, অক্সফাম ইন বাংলাদেশ, গ্লোবাল এফেয়ার্স কানাডা (গ্যাক) এবং ইউরোপীয়ান ইউনিয়ন এর সহযোগিতায় এবং জাতীয় পর্যায়ের উন্নয়ন সংস্থাসমূহের বাস্তবায়নে গৃহকর্ম পেশায় নিয়োজিত ১৮,০০০ নারী ও শিশু গৃহকর্মীদের পেশাগত ও জীবন দক্ষতা উন্নয়নের মাধ্যমে শোভান কাজের সুযোগ সৃষ্টি এবং সার্বিক জীবনমান উন্নয়নের লক্ষ্যে সিকিউরিং রাইটস অফ ডোমেস্টিক ওয়ার্কার্স ইন বাংলাদেশ এবং এমপাওয়ারিং উইমেন থ্রু সিভিল সোসাইটি এক্টরস ইন বাংলাদেশ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

এরই ধারাবাহিকতায় ইউসেপ বাংলাদেশ, দুস্থ স্বাস্থ্য কেন্দ্র, কর্মজীবী নারী, ডেমক্রেসিওয়াচ, উন্নয়ন সংঘ, এসোসিয়েশন ফর কমিউনিটি ডেভেলপমেন্ট, বাংলাদেশ অভিবাসী মহিলা এসোসিয়েশন, এর সম্মিলিত আয়োজনে আগামী ১৫ জুন ২০২৩ (বৃহস্পতিবার), বিকেল ৪:০০ টা থেকে সন্ধ্যা ৭:০০টা পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে “আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস-২০২৩” উপলক্ষে একটি সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। উক্ত সম্মিলনে জাতীয় সমাজতান্ত্রিক দলের সাধারণ সম্পাদক শিরীন আক্তার-এমপি, আরমা দত্ত-এমপি, ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক ড. ওয়াজেদুল ইসলাম খান, গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এবং উপদেষ্টা, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সম্পাদক আবুল হোসেন, মানুষের জন্য ফাউন্ডেশনের কর্মসূচি পরিচালক বনশ্রী মিত্র নিয়োগী, প্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের জেডার এন্ড ইনক্লুশন এডভাইসার গীতা রাণী অধিকারী, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশের সাধারণ সম্পাদক ও এনসিসিডব্লিউই এর মেম্বার সেক্রেটারি নইমুল আহসান জুয়েল, ইউসেপ বাংলাদেশের নির্বাহী পরিচালক ড. মো: আবদুল করিম, প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, মিডিয়া ব্যক্তিত্ব, আন্তর্জাতিক সংস্থা, জাতীয় পর্যায়ের বিভিন্ন এনজিও'র প্রতিনিধি ও গৃহ-শ্রমিকসহ ৭০০ জন উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানে আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়ার পক্ষ থেকে একজন রিপোর্টার ও একজন ফটো সাংবাদিককে অনুষ্ঠানটি সমস্প্রচার করার জন্য বিশেষ আমন্ত্রণ জানাচ্ছি।

এ বিষয়ে যে কোনো তথ্য প্রাপ্তির ক্ষেত্রে ফারহানা আফরিন তিথি, কর্মজীবী নারী (মোবাইল: ০১৮১২৮৬৮২৮২) এবং নাফিসা সাদাফ, প্রোগ্রাম অফিসার, ডেমক্রেসিওয়াচ (মোবাইল: ০১৭৯১৯২৮৫৬২) এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আন্তরিক ধন্যবাদসহ

smkn

সানজিদা সুলতানা
অতিরিক্ত নির্বাহী পরিচালক, কর্মজীবী নারী

ওয়াজেদ ফিরোজ,
নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ



Global Affairs
Canada

Affaires mondiales
Canada



DEMOCRACYWATCH
Involving People, Building Democracy

DSK ১১২৪ ১১২৪ ১১২৪
১১২৪ ১১২৪ ১১২৪



hellotask

কর্মজীবী নারী
KARMOJIBI NARI



OXFAM